

(প্রেস বিজ্ঞপ্তি)

১১ জুন ২০২২

## হজ্ব প্রশিক্ষণ অনুষ্ঠানে মেয়র হাজীগণ আল্লাহর মেহমান

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, হজ্ব ইসলামের পাঁচ ফরজের একটি। একজন ব্যক্তির জন্য হজ্ব একবারই ফরজ। বাকী যতবারই হোক সবই নফল। ফরজের মর্যদা মহান ও অনন্য। মানবজীবনের মৌলিক সাফল্য হচ্ছে, আল্লাহ পাকের সন্তুষ্টি ও রসূল করিম(সঃ) এর সুপারিশ অর্জন। হজ্ব ঈমান ও আত্মাকে পরিশুদ্ধ করে। মনকে পাপ ও কালিমামুক্ত রাখতে পারলেই ধীরে ধীরে আল্লাহকে পাওয়া যায়। আজ শনিবার সকালে ইন্টার ন্যাশনাল কনভেনশন হলে হজ্জে বায়তুল্লাহ টুরস এন্ড ট্রাভেলস আয়োজিত হজ্ব প্রশিক্ষণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

প্রতিষ্ঠানের চেয়ারম্যান ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. গিয়াস উদ্দীন তালুকদারের সভাপতিত্বে ও অধ্যাপক কাজী মুহাম্মদ হারুন উর রশিদের সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন চসিক প্যানেল মেয়র মো. গিয়াস উদ্দীন, ওয়ার্ড কাউন্সিলর মোর্শদ আলী। এতে আলোচক ছিলেন চবির আরবি বিভাগের অধ্যাপক আ ক ম আবদুল কাদেও, ড: বি এ মফিজুর রহমান, মৌলানা মাহবুবুর রহমান, অধ্যাপক সেলিম উল্লাহ, হাবিবুল্লাহ প্রমুখ।

মেয়র আরো বলেন, কারো ধন সম্পদ থাকলে হজ্ব করার সুযোগ হয় না। আল্লাহর আহ্বান না আসলে হজ্জের সুযোগ তৈরী হয়না। হাজীগণআল্লাহর মেহমান। তিনি আরো বলেন, প্রশিক্ষণ হজ্ব যাত্রীদের একটি প্রয়োজনীয় অনুসঙ্গ। হজ্জের নিয়ম কানুন সম্পর্কে আগে থেকে জ্ঞান নিতে না পারলে হজ্ব পালন যথার্থ হয় না। এই জন্য প্রশিক্ষণ অত্যন্ত গুরুত্ববহ। তিনি আরো বলেন, একটি আদর্শ হজ্ব কাফেলা-হজ্জের মত অনন্য আধ্যাত্মিক সফরে অবিদ্যার অন্ধকার থেকে বেরিয়ে এনে ইমानी রুহানী, জ্ঞান-বিজ্ঞান ও আমলের আলোকিত ভুবনে ফিরিয়ে আনতে বলিষ্ঠ ভূমিকা রাখে।

শুভ বুদ্ধ পূর্ণিমা উদযাপন পরিষদের সভায় মেয়র  
ধর্মের প্রতি বিশ্বাস নিয়ে চলতে পারলে বিবেক পরিশুদ্ধ হয়

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, বাংলাদেশ অসম্প্রদায়িক চেতনার একটি দেশ। হাজার বছর ধরে এই ভূখন্ডে সব ধর্মের মানুষ উৎসব মুখর পরিবেশে নিজ নিজ ধর্ম নির্বিঘ্নে পালন করে আসছে। অহিংসা পরম ধর্ম নীতির প্রবর্তক মহামানব গৌতম বুদ্ধ, দিশেহারা মানুষকে দু:খ থেকে মুক্তির পথ নির্দেশনা দিয়েছেন ও শুনিয়েছেন মানব কল্যাণের মহামন্ত্র। অসান্ত বিশ্বকে শান্ত করার জন্য তিনি হিংসার পরিবর্তে মৈত্রীকে মহামন্ত্র হিসাবে হাতিয়ার করেছেন। তিনি বলেন, ধর্ম মানুষকে পরিশুদ্ধ করে। ধর্ম মানুষের মনে মমত্ববোধ জাগায়। ধর্মের প্রতি বিশ্বাস নিয়ে চলতে পারলে বিবেক পরিশুদ্ধ হয়। বিবেক শুদ্ধ হলে কোন মানুষ বিভ্রান্তিতে পড়ে না। আজ শনিবার বিকেলে রীমা কমাউনিটি সেন্টারে চসিক বৌদ্ধ পূর্ণিমা উদযাপন পরিষদ কতৃক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন।

চসিক নির্বাহী প্রকৌশলী জয়সেন বড়ুয়ার সভাপতিত্বে শুভ বৌদ্ধ পূর্ণিমা উদযাপন পরিষদের সদস্য সচিব বিভাষ বড়ুয়ার সঞ্চালনায় স্বাগত বক্তব্য রাখেন পরিষদের আহবায়ক জিতু প্রিয় বড়ুয়া। আলোচনার অংশ গ্রহন করেন নব

পন্ডিত বিহারের অধ্যাপক উপানন্দ মহেথেরা, কুমার্স কলেজের অধ্যক্ষ অধ্যাপক সুসেন বড়ুয়া, চট্টগ্রাম কলেজের অধ্যক্ষ অধ্যাপক সুব্রত বিকাশ বড়ুয়া।  
মেয়র আরো বলেন, মানবতা একটি অতি পরিচিত শব্দ যা একটি দর্শন যা নৈতিকতার উপর নিভ্রশীল। নীপিড়িত মানুষের জন্য এগিয়ে আসাই হলো মানবিকতা। অহিংসার মন্ত্রে উদ্ভাসিত হতে পারলেই বিশ্বমানবতা, দেশ জাতি সমৃদ্ধ হবে।

**স্বাক্ষরিত/-**

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩